

জীবন প্রবাহ

একজন নিরীহ স্কুল শিক্ষকের ফরিয়াদ

॥ আবদুল মান্নান ॥

গ্রামের একটি লাঠিয়াল গ্রুপের অত্যাচারে একজন নিরীহ ও বৃদ্ধ স্কুল শিক্ষকের পরিবার পরিজন ঘরছাড়া হয়েছে। লাঠিয়ালরা এই শিক্ষকের দোচালা টিনের ঘর ও সকল সহায়-সম্পত্তি প্রকাশ্য দিবালোকে লুট করে নিয়েছে। পরিবার পরিজন নিরাপদ আশ্রয়ের জন্য নিকট আশ্রয়ের বাড়ী ঠাই নিলেও এই শিক্ষক ও তার আত্মীয় স্বজনরা বর্তমানে লাঠিয়াল বাহিনী দ্বারা জীবন নাশের হুমকিতে আতঙ্কগ্রস্ত।

এই অশুভ বড়ের তাগুব নেমে এসেছে চাঁদপুর উপজেলার মনিহার গ্রামের স্কুল শিক্ষক জনাব নূর মোহাম্মদের পরিবারে। জনাব নূর মোহাম্মদ ঢাকার যোগীনগরে একটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের

একজন সহকারী শিক্ষক। পরিবার পরিজনকে চাঁদপুরের মনিহার গ্রামেই রেখে তিনি একটু অর্থনৈতিক স্বচ্ছলতার কথা ভাবতেন। কিন্তু ঘটনা প্রবাহ তাঁর জীবনের সকল পরিকল্পনা নষ্ট করে দিয়েছে। তিনি এখন দিশেহারা হয়ে আইনের শাসন ও ন্যায় বিচারের আশায় প্রশাসনের বিভিন্ন দোরগোড়ায় ঘুরাঘুরি করছেন। প্রকাশ, গত ২৫ মে একই গ্রামের জনৈক আবদুল মান্নানের নেতৃত্বে লাঠিসোঠাসহ ১৫/২০ জনের একটি দুষ্কৃতকারীদল প্রকাশ্য দিবালোকে শিক্ষক নূর মোহাম্মদের বাড়ীতে হামলা চালায়। বাড়ীতে কাউকে না পেয়ে লাঠিয়াল বাহিনী ঘর ভেঙ্গে সমুদয় মূল্যবান দ্রব্যাদি লুট করে নিয়ে যায়। উল্লেখ্য, শিক্ষক নূর মোহাম্মদ সেই সময় চাকরিস্থল ঢাকায়

অবস্থান করছিলেন।

জনাব নূর মোহাম্মদ জানান, একটি জমি নিয়ে সৃষ্ট বিরোধের কারণে এই লাঠিয়াল বাহিনী তাঁর সমুদয় সম্পত্তি লুট করবে— এটাতো আইন নয়। ঘরের গয়নাগাটি, চাল-খান ও আসবাবপত্রসহ প্রায় লাখ টাকার মালামাল দুষ্কৃতকারীরা লুট করে নিয়েছে বলে তিনি অভিযোগ করেন। এ ঘটনার প্রতিবাদে নূর মোহাম্মদের ভায়েরা এগিয়ে গেলে লাঠিয়াল বাহিনী তাদের উপরেও জীবন নাশের হুমকি সৃষ্টি করে। এই দিনই জনৈক আবদুল মান্নানসহ ১১ ব্যক্তিকে আসামী করে চাঁদপুর থানায় মামলা দায়ের করা হয়। আসামীদের নামে ওয়ারেন্ট ইস্যু হলেও অজ্ঞাত কারণে আসামীদের গ্রেফতার করা হচ্ছে না। এ ব্যাপারে নূর মোহাম্মদ স্থানীয় ইউপি চেয়ারম্যানের স্মরণাপন্ন হলে চেয়ারম্যান সমস্যার সমাধানে আপারগতা শেষ পঃ ৮-এর কঃ দেখুন

জীবন প্রবাহ

প্রথম পৃষ্ঠার পর

প্রকাশ এবং উপজেলা চেয়ারম্যানের কাছে যেতে বলেন। গ্রুপটি বেশ কয়েক বছর আগে থেকেই নূর মোহাম্মদ ও তার ভাইদের উপর অত্যাচার চালিয়ে আসছে এবং গত ৩ বছর যাবত এই দুষ্কৃতকারীদল নূর মোহাম্মদের জমির ফসল, পুকুরের মাছ, গাছের তাল ও বাগানের কলা ক্ষোরপূর্বক নিয়ে যায় বলে নূর মোহাম্মদ জানান। ইতিপূর্বে এই প্রভাবশালী গোষ্ঠীর সাথে জমি নিয়ে এক মামলায় নূর মোহাম্মদ প্রায় ৩ একর জমি কোর্ট থেকে ডিগ্রী লাভ করেন বলে দাবী করেন।

নূর মোহাম্মদের উপরে বর্তমানে প্রাণনাশের হুমকি আসছে। এই ভয়ে নূর মোহাম্মদ কি করবেন এবং কোথায় গেলে সুবিচার পাওয়া যাবে কিছুই ভেবে চিন্তে ঠিক করতে পারছেন না।

নূর মোহাম্মদ লুট হয়ে যাওয়া মালামাল ফেরৎ পেতে চায়। আইনের শাসন চায় এবং তার ছোট ছোট ছেলেমেয়েদের স্কুলে যাওয়ার অধিকার প্রতিষ্ঠা করতে চায়।